গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি হিজলা ডিগ্রি কলেজ

স্থাপিতঃ ১৯৮৪ খ্রি.
উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।

স্নাতক কলেজ কোডঃ ১১২১
ইআইআইএন নং-১০০৭৩৬
কারিগরি কলেজ কোডঃ ৪২০৬০
উমা কলেজ কোডঃ ২১২৫

E-mail: hizladcollege70@gmail.com
www. hizlacollege.edu.bd
Mobile- 01309100736

স্মারক নং

তারিখঃ ০৬/০৭/ ২০২৬ খ্রি:

## ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ ফরম পূরণের বিজ্ঞপ্তি

সরকারি হিজলা কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ইংরেজি বিষয়ের অনার্স ২য় বর্ষের নিয়মিত, অনিয়মিত, গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, **আগামী ২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৮/০৭/২০২৬ খ্রি.** তারিখের মধ্যে পরীক্ষার্থীদের ফরম পূরণ করার জন্য বলা হলো। সকল পরীক্ষার্থীদের স্ব স্ব বিষয়ের বিভাগীয় প্রধানের সাথে যোগাযোগ করে ফরম পূরণ করার জন্য বলা হলো। ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

**১। পরীক্ষার্থীদের আবেদন ফরম সংগ্রহ:**

ক) আবেদনকারীর রেজিস্ট্রেশন নম্বর দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://ems.nu.ac.bd/student-login** হতে ফরম প্রিন্ট করে নিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি রকেটের মাধ্যমে জমা দিবে।
খ) আবেদন ফরম মূল কপি ০১টি গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১টি
ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি জমা দিতে হবে।

**২। বিভাগীয় প্রধানদের করণীয়:**

ক) আগামী ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ইন-কোর্স নম্বর পত্র জমা দিয়ে ফরম পূরণ ও অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
খ) যে সকল শিক্ষার্থী ইন-কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, তাদের ফরম পূরণ করা যাবে না।

**৩। ফরম পূরণের ফি এর পরিমান:**

| পরীক্ষার ধরণ | | সেশন চার্জ | বিশ্ববিদ্যালয় ফি | **রকেটে পেমেন্ট** |
|---|---|---|---|---|
| **নিয়মিত (৭পত্র)** রাষ্ট্রবিজ্ঞান/হিসাবিজ্ঞান/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | | ২০২৮ | ২২৫০ | **৪২৭৮** |
| **নিয়মিত (৬পত্র)** ইংরেজি | | ২০২৮ | ১৯৫০ | **৩৯৭৮** |
| অনিয়মিত (৭পত্র) রাষ্ট্রবিজ্ঞান/হিসাবিজ্ঞান/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | | ২০২৮ | ২৮৫০ | **৪৮৭৮** |
| অনিয়মিত (৬পত্র) ইংরেজি | | ২০২৮ | ২৫৫০ | **৪৫৭৮** |
| গ্রেড উন্নয়ন | এক পত্র | ৬০০ | ৯০০ | **১৫০০** |
| | দুই পত্র | ৬০০ | ১২০০ | **১৮০০** |
| | তিন পত্র | ৬০০ | ১৫০০ | **২১০০** |
| | চার পত্র | ৬০০ | ১৮০০ | **২৪০০** |
| | পাচঁ পত্র | ৬০০ | ২১০০ | **২৭০০** |
| | ছয় পত্র | ৬০০ | ২৪০০ | **৩০০০** |
| ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থী | | ৬০০ | ৫০০০ | **৫৬০০** |

**Conditional Promoted (C-Promoted)** পরীক্ষার্থীদের ক্ষেত্রে **রকেট পেমেন্টে** নির্ধারিত ফি সাথে বিশেষ অর্ন্তভুক্তি ফি ১৫০০ টাকা যোগ করে নিম্নে উল্লেখিত রকেটের মাধ্যমে জমা দিতে হবে।

**৪। ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকি Rocket Apps এর মাধ্যমে ফি প্রদানের নিয়মাবলী।**

ক) সকল নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের Rocket Biller ID-**5415** এর মাধ্যমে ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে, নিয়মিত/অনিয়মিত (সকল বিষয়) শিক্ষার্থীদের Student ID এর জায়গায় রেজিস্ট্রেশন নম্বর লিখে ফি পরিশোধ করতে হবে।

খ) অনিয়মিত (আংশিক বিষয়), মান্নোয়ন/গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের Student ID এর জায়গায় রেজিস্ট্রেশন নম্বরের শেষে 1, 2 বা 3 লিখে ফি পরিশোধ করতে হবে। যেমন: 24210065428 রেজিস্ট্রেশন নম্বরধারী শিক্ষার্থী ০১ বিষয় ফরমপূরণ করলে 242100654281, ০২ বিষয় ফরমপূরণ করলে 242100654282, ০৩ বিষয় ফরমপূরণ করলে 242100654283 লিখে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেওয়ার পর শিক্ষার্থী ডাচ বাংলা ব্যাংক রকেট থেকে একটি SMS পাবে, SMS থেকে Txn.ld ফরমের উপরে লিখতে হবে এবং পেমেন্ট স্লিপ সংগ্রহ করতে হবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে ভুলের কারণে ফরমপূরণ বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

***ফরমের সাথে রেজি: কার্ডের ফটোকপি, অনলাইন আবেদন ফরম ও পেমেন্ট স্লিপ সংযুক্ত করে কলেজে জমা দিতে হবে। অন্যথায় ফরমপূরণ কার্য সম্পন্ন হবে না।**

বিঃদ্র: সকল শিক্ষার্থীদের বেতন, সেশন চার্জসহ নির্ধারিত ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার চার্জ বাবদ ১.২৫% (সর্বোচ্চ ৩৮) টাকা অতিরিক্ত থাকতে হবে। Rocket Biller ID: 5415 ব্যতীত পেমেন্ট করা যাবে না।

প্রফেসর এইচ, এম, আবদুস সালাম (৮৮২৪)
অধ্যক্ষ
সরকারি হিজলা ডিগ্রি কলেজ
হিজলা, বরিশাল।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে:
১। বিভাগীয় প্রধান: ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ইংরেজি
২। অফিস